Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 22 May, 2025

লালমনিরহাটের পাটগ্রাম সীমান্ত দিয়ে পুশ-ইন করেছে ভারত।

বুধবার (২১ মে) রাতে উপজেলার গাটিয়ারভিটা সীমান্ত দিয়ে এ পুশ-ইনের ঘটনা ঘটে।

পুশ-ইন হওয়া শিশুসহ ১১ জনকে আটকের পর স্থানীয় বিজিবি ক্যাম্পে রাখা হয়েছে। আটকদের মধ্যে ৪ শিশু ও ৭ জন নারী রয়েছেন।বিজিবির ধবলসতি ক্যাম্প কমান্ডার নায়েক সুবেদার আব্দুল মতিন বিষয়টি  নিশ্চিত করেছেন।

বিজিবি জানিয়েছে, বুধবার রাত সাড়ে ১১টার দিকে তাদের আটকের পর ক্যাম্পে নিয়ে যাওয়া হয়।ভারতীয় কাঁটাতারের বেড়ার গেট খুলে তাদের বাংলাদেশে ঠেলে দিয়েছে বিএসএফ ও ভারতীয় পুলিশ।

স্থানীয়রা জানায়, গাটিয়ারভিটা সীমান্ত দিয়ে পুশ-ইন হয়ে দেশে ঢোকার পর তারা হেঁটে পাটগ্রামের দিকে যেতে শুরু করেন।

তবে স্থানীয় নতুন বাজারে পৌঁছালে বাজারের লোকজনের সন্দেহ হলে তাদের আটকে পর জিজ্ঞাসাবাদ করলে ভারত থেকে পাঠানো হয়েছে বলে তারা স্বীকার করেন।এ সময় কয়েকজন পালাতে সক্ষম হন।পরে বিজিবি এসে ওই ১১ জনকে নিয়ে যায়।

আটকদের বরাতে স্থানীয়রা দাবি করেন, শুধু ১১ জন নয়, বুধবার দুই দফায় অন্তত ৫০ জনকে বাংলাদেশে পুশ-ইন করা হয়েছে।

তারা গ্রেপ্তারের ভয়ে আত্মগোপনে চলে গেছেন।

পাটগ্রাম থানার ওসি মিজানুর রহমান বলেন, গভীররাতে বিজিবি ৪ শিশু ও ৭ নারীকে থানায় দিয়েছে।আটককৃতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন বলেও জানান তিনি।

লালমনিরহাট ভারত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:12

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/6559032809